ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৮৬

কুমারঘাট, ৩০ অক্টোবর, ২০২৫

**৫ নভেম্বর কুমারঘাটের মশাউলিতে ঐতিহ্যবাহী মহারাস উৎসব**

ঐতিহ্যবাহী মহারাস উৎসব-২০২৫ এ বছরও কুমারঘাট মহকুমার মশাউলিতে আগামী ৫ নভেম্বর, ২০২৫ উদযাপিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের অর্থানুকূল্যে মশাউলির লক্ষীকান্ত শর্মা নাট মন্দির ও মধুসূদন শর্মা নাট মন্দিরে অনুষ্ঠতব্য এই উৎসবে ঐ দিন সারা দিন ও সারা রাতব্যাপী রাখাল নৃত্য ও গোপী নৃত্য আয়োজিত হবে। এর সাথে থাকবে মৃদঙ্গ বাদকের দল। এ উপলক্ষে আজ বিকালে লক্ষ্মীকান্ত শর্মা নাট মন্দিরে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় দু'টি মন্ডপে রাস উৎসব উদযাপনের যাবতীয় প্রস্তুতির বিষয়ে আলোচনা হয়। লক্ষ্মীকান্ত শর্মা নাট মন্দিরে উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস ও বিশেষ অতিথি হিসেবে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, সম্মানিত অতিথি হিসেবে কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস সহ বিশিষ্টজনেরা উপস্থিত থাকবেন। মহারাস উৎসব সুষ্ঠভাবে সম্পন্ন করতে দু'দি মন্ডপের জন্য পৃথক দু'টি উৎসব উদযাপন কমিটি গঠন করা হয়েছে।

*******